

বিষয়ঃ মিডিল ইয়ার্স ডেভেলপমেন্ট ইন্সট্রুমেন্ট (এমডিআই)

প্রিয় পরিবারবর্গ,

হ্যামিলটন-ওয়েন্টওয়ার্থ ডিস্ট্রিক্ট স্কুলবোর্ডে (HWDSB বা এইচডাবলিউডিএসবি), আমরা প্রতিবন্ধক চিহ্নিত করতে এবং অপসারণ করতে অঙ্গীকারবদ্ধ, যাতে সকল শিক্ষার্থীগণ সহায়ক, অন্তর্ভুক্তিকর, এবং শ্রদ্ধাশীল পরিবেশে শিক্ষাগ্রহণ করতে সক্ষম হয়। আমরা শিক্ষার্থীদের মঙ্গলের জন্য এমন কার্যসূচি, সাহায্যসমূহ এবং পরিষেবাসমূহ পরিপোষণ করি যা স্বাস্থ্যকর বিকাশ এবং কোভিড-19 অতিমারির থেকে আরোগ্যলাভের পথে পরিপস্থি।

নভেম্বরে 4র্থ থেকে 12শ শ্রেণীর শিক্ষার্থীরা মিডিল ইয়ার্স ডেভেলপমেন্ট ইন্সট্রুমেন্টটি (এমডিআই) সম্পন্ন করবে। 4র্থ থেকে 8ম শ্রেণীর শিক্ষার্থীরা 2018 এ এই জরিপটি সম্পূর্ণ করেছে এবং প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের কিছু শিক্ষার্থী এমডিআইটির সংক্ষিপ্ত সংস্করণ গত বসন্তে সম্পূর্ণ করেছে। নভেম্বরে শিক্ষার্থীগণ এই জরিপটি স্কুলে থাকাকালীন স্কুলের কর্মচারীগণের তত্ত্বাবধানে অনলাইনে সম্পন্ন করবে। আপনার শিশুর উত্তরসমূহ ব্যক্তিগত, গোপন থাকবে এবং নামের দ্বারা সনাক্ত করা হবে না।

এই স্টাডি বা অধ্যয়নটির উদ্দেশ্য কী?

এইচডাবলিউডিএসবি (HWDSB) চায় কিশোর কিশোরীদের বিকাশের যেই ক্ষেত্রগুলি তাদের কল্যাণ, স্বাস্থ্য এবং স্কুলের সফলতার ওপর প্রভাব ফেলে সেগুলি উত্তম রূপে বুঝতে। জরিপটি শিক্ষার্থীদের তাদের স্কুল ও কমিউনিটি সম্পর্কিত চিন্তা ভাবনা, অনুভূতিসমূহ এবং অভিজ্ঞতাসমূহের ব্যাপারে প্রশ্ন করবে। এইচডাবলিউডিএসবির এই স্টাডি বা অধ্যয়নটির ফলসমূহ এমন কর্মসূচি এবং পরিষেবাসমূহ সম্বন্ধে সিদ্ধান্ত নিতে ব্যবহার করবে যেগুলি কিশোর-কিশোরীদের জন্য গুরুত্বপূর্ণ বলে প্রমাণ হতে পারে।

জরিপটি শিক্ষার্থীদের এই ব্যাপারে প্রশ্ন করেঃ

1. সামাজিক এবং অনুভূতি সম্পর্কিত বিকাশ, যেমন আত্মবিশ্বাস, ইতিবাচক মনোভাব, সুখ, এবং সহানুভূতি;
2. স্কুল, পরিবার, বন্ধুবান্ধব, এবং কমিউনিটির সাথে সম্পৃক্ততা;
3. স্কুলের অভিজ্ঞতাসমূহ;
4. শারীরিক স্বাস্থ্য এবং কল্যাণ; এবং
5. স্কুল-পরবর্তী সময়ের ব্যবহার, এবং স্কুল-পরবর্তী সময়ের ব্যাপারে শিশুদের ইচ্ছা।

আমার শিশুর গোপনীয়তা কী ভাবে রক্ষা করা হচ্ছে?

এই অধ্যয়নটিতে আপনার শিশুকে নাম দিয়ে চিহ্নিত করা হবে না। আপনার শিশু উত্তরসমূহ আপনার বা স্কুলের কোনও কর্মী বা স্কুল বোর্ডের কারোর কাছে লাভ হবে না। এটি নিশ্চিত করবে যে প্রতিটি শিশুর উত্তর ব্যক্তিগত এবং গোপনীয় থাকে। এই জরিপটি থেকে কোনও তথ্য আপনার শিশুর স্কুল রেকর্ডে যোগ করা হবে না।

এমডিআই থেকে প্রাপ্ত তথ্যসমূহ যদি গবেষণা সংক্রান্ত প্রকাশনীতে অথবা গণজ্ঞাপন নথিপত্রে ব্যবহৃত হয়ও, আপনার শিশু এবং শিশুর স্কুল কোনওভাবেই চিহ্নিত করা হবে না। যদি কোনও সময় আপনার শিশু এই কর্মসূচিতে অংশগ্রহণ করতে অসম্মত হয়, শিক্ষক/শিক্ষিকা তাকে বিকল্প স্কুল কার্যসূচি দেবেন।

এমডিআই এ সংগৃহীত ব্যক্তিগত তথ্য মিউনিসিপাল ফ্রীডম অফ ইনফরমেশন এন্ড প্রোটেকশন অফ প্রাইভেসী এক্ট (এমএফআইপিপিএ)র ধারা 28(2)এর অনুরূপ, যা ব্যক্ত করে যে আইনানুগ ভাবে বৈধ কার্যসূচির সাথে লিপ্ত থাকা সংস্থাসমূহ তাদের প্রয়োজন মতো ব্যক্তির থেকে ব্যক্তিগত তথ্য সংগ্রহ করতে পারে। এমডিআইটি শিক্ষা মন্ত্রকের স্কুল বোর্ডের প্রতি 2 বছরে স্কুলের পরিবেশেরওপর শিক্ষার্থীদের জরিপ করতে হবে এই প্রয়োজনটি মেটাতে সাহায্য করে।

স্কুল এবং কমিউনিটি কীভাবে উপকৃত হবে?

এমডিআই অধ্যয়নটি শিক্ষাকর্মীগণ, কার্যসূচী-পরিকল্পনাকারীগণ এবং কমিউনিটির সদস্যদের সাহায্য করে শিশুদের নিজেদের মুখে তাদের জীবনের কথা জানতে। আপনার স্কুল এবং কমিউনিটি এই অধ্যয়নের ফলাফল শিশুদের জীবন উন্নত করার জন্য ব্যবহার করতে পারেন। আমাদের বিশ্বাস এই অধ্যয়নটি স্থানীয় শিশু ও পরিবারসমূহকে অনেক ইতিবাচক উপকার প্রদান করে। এইচডাবলিউডিএসবি সিটি অফ হ্যামিলটন সহ সহকারীদের সাথে কাজ করবে এটি নিশ্চিত করতে যে আমাদের কমিউনিটিতে শিক্ষার্থীদের প্রয়োজন আমরা মেটাতে পারছি। আমরা সিটি অফ হ্যামিলটনের সাথে অংশগ্রহণকারী তথ্য ভাগ করে নেবো যাতে তাদের শিশু ও যুবাদের জন্য কার্যসূচী এবং পরিষেবা আরো পুষ্ট করা যেতে পারে।

আমি কোথায় আরো তথ্য পেতে পারি?

অনুগ্রহ করে অনলাইনে অন্যান্য কানাডীয় অধিক্ষেত্রে ব্যবহৃত হওয়া এমডিআইটির সম্পর্কে আরো জানুন

www.earlylearning.ubc.ca/mdi এ।

মিডল ইয়ার্স ডেভেলপমেন্ট জরিপটির সম্পর্কে তথ্য এবং সাহায্যকারী সংস্থান আমাদের

ওয়েবসাইটে <https://www.hwdsb.on.ca/elementary/supports/mental-health-and-well-being/mdi/> এও পাবেন।

যদি আপনার শিশুর অংশগ্রহণের ব্যাপারে আপনার প্রশ্ন বা সংশয় থাকে, দয়া করে রিসার্চ এন্ড এনালিটিক্স বিভাগ কে

research@hwdsb.on.ca বা 905-527-5092তে যোগাযোগ করুন।

বিনীত,

হ্যামিলটন-ওয়েন্টওয়ার্থ ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড

রিসার্চ এন্ড এনালিটিক্স বিভাগ